



রোজা থেকে দূরত্বে তাহসান, ভাঙনের পথে দ্বিতীয় সংসার



সংগৃহীত ছবি

গায়ক ও অভিনেতা তাহসান খানের ব্যক্তিগত জীবন আবারও আলোচনায়। বছর শুরুর দিকে মেকআপ আর্টিস্ট রোজা আহমেদের সঙ্গে বিয়ের মাধ্যমে নতুন অধ্যায় শুরু করলেও সেই সম্পর্ক এখন টিকে নেই। দাম্পত্য জীবনের শুরুতেই দুজনের মধ্যে মতভেদ তৈরি হয় এবং ধীরে ধীরে তারা আলাদা হয়ে যান। ঘনিষ্ঠ সূত্রে জানা গেছে, কয়েক মাস ধরেই তাহসান ও রোজা একসঙ্গে বসবাস করছেন না। বিষয়টি পরে নিজেই নিশ্চিত করেন তাহসান। এক গণমাধ্যমকে তিনি জানান, জুলাইয়ের শেষ দিক থেকেই তারা আলাদা রয়েছেন। ব্যক্তিগত বিষয় নিয়ে কথা বলতে না চাইলেও সাম্প্রতিক কিছু বিভ্রান্তিকর খবরের কারণে এই সত্য প্রকাশ করা জরুরি হয়ে পড়ে। গত বছরের ৪ জানুয়ারি মাত্র কয়েক মাসের পরিচয়ের পর রোজা আহমেদকে বিয়ে করেছিলেন তাহসান। রোজা একজন পেশাদার মেকআপ আর্টিস্ট। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রে দীর্ঘদিন ধরে তিনি ব্রাইডাল মেকআপের কাজ করছেন এবং নিউইয়র্কে তার নিজস্ব প্রতিষ্ঠান রয়েছে। এর আগেও তাহসানের একটি দীর্ঘ দাম্পত্য জীবন ছিল। ২০০৬ সালে অভিনেত্রী রাফিয়াথ রশিদ মিথিলাকে বিয়ে করেন তিনি। সেই সংসার প্রায় ১১ বছর টিকলেও ২০১৭ সালে আনুষ্ঠানিক বিচ্ছেদ হয়। ওই সম্পর্ক থেকে তাহসানের একটি কন্যাসন্তান রয়েছে, যার নাম আইরা তাহরিম খান।